



সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শ্রীকৃষ্ণ কলেজের ক্যান্টিন নিম্নলিখিত শর্তাবলীতে আগামী ২(দুই) বৎসরের জন্য ইজারা (লিজ) দেওয়া হবে।  
উক্ত ক্যান্টিন পরিচালনা করতে আগ্রহী পুরুষ বা মহিলা, হোটেল মালিক অথবা কোনও সয়ম্বর গোষ্ঠী এই কাজের জন্য আবেদন পত্র জমা করতে পারবে।  
আবেদন পত্র সহ খাবারের মূল্য তালিকা কলেজ অফিসে জমা করার শেষ তারিখ : ইং -03.01.2022 ( বিকাল ৩.৩০ মিঃ এর মধ্যে )।

### শর্তাবলী নিম্নরূপঃ

১. কলেজের কর্মী বর্গ এবং ছাত্র-ছাত্রীদের জন্য টিফিন এবং আহারের ব্যবস্থা করা।
২. কোনও প্রকারের মাদক জাতীয় দ্রব্যাদি বিক্রি না করা।
৩. রবিবার এবং অন্যান্য ছুটির দিনে ক্যান্টিন বন্ধ রাখা।
৪. কলেজ বন্ধ হওয়ার সঙ্গে সঙ্গে ক্যান্টিন বন্ধ রাখা।
৫. কলেজ কর্মীদের জন্য চা, টিফিন, দুপুরের খাবার কলেজে পৌঁছে দেওয়া সঙ্গে পরিবেশন করা।
৬. সরবরাহকৃত দ্রব্যের মূল্য নগদে, মাসের শেষে অথবা বিল জমা করার পর পাওয়া যাবে।
৭. বিদ্যুৎ মাসুল ( সাব-মিটার অনুযায়ী) ইলেক্ট্রিসিটি বিল কলেজ কর্তৃক জমা করার সময়ে নগদ টাকা কলেজকে দিতে হবে।
৮. কলেজ ক্যান্টিন সর্বদা পরিচ্ছন্ন রাখতে হবে।
৯. ছেলেদের পাশাপাশি মেয়েরাও যাতে ক্যান্টিনে খাবার খেতে যেতে পারে তার উপযুক্ত পরিবেশ রাখতে হবে।
১০. প্রয়োজনে অতিরিক্ত সহযোগী রাখতে হতে পারে।
১১. খাবারের গুণমান সঠিক না হলে বা পরিষেবায় কলেজ কর্তৃপক্ষ সন্তুষ্ট না হলে এক মাসের নোটিসে ক্যান্টিন পরিচালককে ক্যান্টিন ছাড়িয়া দিতে বলবেন।
১২. ক্যান্টিন এর পরিচালকের কাজের উপর কলেজ কর্তৃপক্ষ সন্তুষ্ট হইলে তাহাকে পরবর্তী এক বৎসরের জন্য ক্যান্টিন পরিচালনার জন্য মেয়াদ বৃদ্ধি করবেন।

## আবেদনপত্র নিম্নরূপঃ

প্রতি  
মাননীয় অধ্যক্ষ মহাশয় সমীপেষু  
শ্রীকৃষ্ণ কলেজ  
বগুলা, নদীয়া

বিষয় : কলেজ ক্যান্টিন পরিচালনার জন্য ইচ্ছা পত্র ।

মাননীয় অধ্যক্ষ,

আপনার স্বহৃদয় দৃষ্টি আকর্ষণ করছি এই মর্মে যে, আপনার দেওয়া বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, কলেজের ক্যান্টিন আগামী দুই বৎসরের জন্য লিজ দেওয়া হবে ।

আমি আপনার দেওয়া শর্তাবলী মেনে নিয়ে কলেজ ক্যান্টিন পরিচালনা করতে আগ্রহী আছি ।

আশাকরি , আপনি আমার নিম্নলিখিত মূল্য তালিকা দেখে যদি আমাকে ক্যান্টিন পরিচালনা করার সুযোগ দেন, তাহলে আমি কৃতজ্ঞ থাকবো ।

শ্রদ্ধা সহ ,  
আপনার একান্ত বিশ্বস্ত

ঠিকানা :

যোগাযোগ নম্বর :

খাবারের মূল্য তালিকা :

ক্রমিক নম্বর	খাবারের নাম	মূল্য
১	রুটি তরকারি	
২	ভাত - মাছ	
৩	ভাত - ডিম	
৪	ভাত - চিকেন	
৫	ভাত - মটন	
৬	ঘুগনি	
৭	ডিম সিদ্ধ	
৮	ওমলেট	
৯	ডিম কারী	
১০	ডিম টোস্ট	
১১	আলুর দম	
১২	খিচুড়ি (শীত কালে )	
১৩	পাউরুটি	
১৪	চা	
১৫	কফি	